



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

প্রশাসন ও সংস্থাপন শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১১.০০৩.১৯.২১৯

তারিখ: ১৭ তেব্র ১৪২৮

৩১ মার্চ ২০২২

### প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৭ জুন, ২০২১ তারিখের  
৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৪১০.২০২১-১৩৭ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে, পুলিশ কর্তৃক প্রাক চাকরি  
বৃত্তান্ত যাচাই প্রতিবেদন ও স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য না থাকায় চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ,  
২০১৫ এর ৬ ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) বেতনক্রমে এবং প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে নিম্নোক্ত প্রার্থীকে  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর ‘সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী’-এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী  
ভিত্তিতে নিয়োগ করা হলো :

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতার ও মাতার নাম ও রেজিঃ নং	স্থায়ী ঠিকানা
১.	নাম : শুভাগত সরকার বর্ণ পিতা : গোরাঙ্গ চন্দ্র সরকার মাতা : উমা রানী সরকার রেজিঃ নং: ০০০৬৫৬।	৪২২, নীলগঞ্জ রোড, শোলাকিয়া, ডাকঘর- কিশোরগঞ্জ-২৩০০, উপজেলা- কিশোরগঞ্জ সদর, জেলা- কিশোরগঞ্জ।

#### ২। শর্তাবলী :

- ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন।  
শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা  
নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরি অবসান ঘটাতে পারবে।
- গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি  
(Release) গ্রহণ করতে হবে;
- ঘ) চাকরিতে যোগদানকালে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে যোগদানপত্রের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-  
জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি মিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য  
কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- ঙ) যোগদানের সময় এ প্রজানের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;
- চ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না;
- ছ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক প্রগৃহিত মেধাক্রম এবং নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারি  
(জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- জ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা দ্বারা

নিয়ন্ত্রিত হবে;

৩। উপরিলিখিত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩১-৩-২০২২

মোঃ নজরুল ইসলাম  
যুগ্মসচিব

ফোন: ৯৫৭৬৬৭৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: [info@moedu.gov.bd](mailto:info@moedu.gov.bd)

নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১১.০০৩.১৯.২১৯/১(১৩)

তারিখ: ১৭ চেত্র ১৪২৮  
৩১ মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যোত্তার ভিত্তিতে নয়):

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) যুগ্মসচিব, উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১০) চীফ একাউন্টেস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ১১) হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২) জনাব শুভাগত সরকার বর্গ, পিতা : গৌরাঙ্গ চন্দ্র সরকার, মাতা: উমা রানী সরকার, ৪২২, নীলগঞ্জ রোড, শোলাকিয়া, ডাকঘর- কিশোরগঞ্জ উপজেলা- কিশোরগঞ্জ সদর জেলা- কিশোরগঞ্জ।
- ১৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।